

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ২১/০৭/২০২২ খ্রি।

**২০২১ সনের অনার্স ২য় বর্ষ (নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন) পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা অত্র কলেজের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০২১ সনের অনার্স ২য় বর্ষ (নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন) পরীক্ষার ফরম পূরণের ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ:

অনলাইনে পরীক্ষার ফরম পূরণ ও জমা দানের শেষ তারিখ: ০৪/০৮/২০২২ খ্রি.

নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের বিকাশে ফরম পূরণের ফি জমার তারিখ: ২২/০৭/২০২২ হতে ০৪/০৮/২০২২ পর্যন্ত  
মানোন্নয়ন পরীক্ষার্থীদের বিকাশে ফরম পূরণের ফি জমার তারিখ: ০৩/০৮/২০২২ হতে ০৪/০৮/২০২২ তারিখ পর্যন্ত  
বিভাগ কর্তৃক অনলাইনের ভেরিফাই ও বিবরণী জমা দানের শেষ তারিখ: ০৭/০৮/২০২২ খ্রি.

**নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন ছাত্রীদের পরীক্ষার ফি**

বিষয়ের নাম	পরীক্ষার ফি	বিষয়ের নাম	পরীক্ষার ফি
বাংলা	৩১৩০.০০	ব্যবস্থাপনা	৩৪৩০.০০
ইংরেজি	২৮৫৫.০০	মার্কেটিং	৩৪৩০.০০
ইতিহাস	৩৪৩০.০০	পদার্থবিজ্ঞান	৩৯১০.০০
ইসলামের ইতিহাস	৩১৩০.০০	রসায়ন	৪০৯০.০০
ইসলামী শিক্ষা	৩১৫৫.০০	উদ্ভিদবিজ্ঞান	৪৩১৫.০০
দর্শন	৩১৩০.০০	প্রাণিবিজ্ঞান	৩৯৪০.০০
রাষ্ট্রবিজ্ঞান	৩৭৩০.০০	ভূগোল ও পরিবেশ	৪৭২০.০০
সমাজকর্ম	৩৪৫৫.০০	মনোবিজ্ঞান	৩৪৬০.০০
সমাজবিজ্ঞান	৩১৫৫.০০	গার্হস্থ্য অর্থনীতি	৩৭৯০.০০
অর্থনীতি	৩১৫৫.০০	গণিত	৪৩৯০.০০
হিসাববিজ্ঞান	৩৪৩০.০০	পরিসংখ্যান	৪২৭০.০০
ফিন্যান্স ও ব্যাংকিং	৩৪৩০.০০	মানোন্নয়ন (১পত্র)	১৭৫৫.০০
মানোন্নয়ন পরীক্ষার্থী পরবর্তী প্রতিপত্রের জন্য ৩০০/- টাকা হারে যোগ করে জমা দিবে। মানোন্নয়ন পরীক্ষার্থীদের ব্যবহারিক ও মৌখিক পত্র থাকলে ব্যবহারিক প্রতিপত্রের জন্য ১৩০/- (পরবর্তী প্রতিদিনের জন্য ৭৫/-) এবং মৌখিক পরীক্ষার জন্য ৭৫/- সংশ্লিষ্ট বিভাগে ফরম জমা দানের সময় নগদ জমা দিবে।			
*নন-কলেজিয়েট ফি (নির্ধারিত টাকার সাথে যোগ হবে) ১,৫০০.০০			

**অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়ম (শিক্ষার্থীদের জন্য):**

(ক) আবেদনকারীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) Form fill-up বাটন ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রি প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক হলে অনলাইন থেকে একটি পূরণকৃত ফরম প্রিন্ট করে নিবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাদি উল্লেখ থাকবে। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।





খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ বিভাগীয় প্রধান স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ০১/০৮/২০২২ তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ


২. ফরম পূরণের ফি জমা দেয়া:

‘বিকাশ (বিলাস আইডি-Eden Mohila College Admission)’ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফরম পূরণ ফি পরিশোধ করতে হবে। নিয়মিত ও অনিয়মিত ছাত্রীর ফি পেমেন্ট আইডি হিসেবে তার অনার্স রেজিস্ট্রেশন নম্বর এবং মানোন্নয়ন পরীক্ষার্থীদের মানোন্নয়ন পরীক্ষার ফি পেমেন্টের জন্য অনার্স ২য় বর্ষ (পূর্বে) পরীক্ষার রোল নম্বর আইডি হিসেবে ব্যবহৃত হবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ১৯/০৭/২০২২ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির সকল শর্ত প্রযোজ্য হবে।

৪। বিভাগের করণীয়: অনার্স ২য় বর্ষে ভর্তিকৃত সকল শিক্ষার্থী ফি অফিস থেকে বিকাশে আপলোড করা হবে। মানোন্নয়ন পরীক্ষার্থী এবং যাদের নাম বিকাশে পাওয়া যাবে না তাদের অনার্স ১ম ও ২য় বর্ষ পরীক্ষার ফলাফল এবং ভর্তি যাচাইপূর্বক ইমেইলে প্রেরিত ছক মোতাবেক তথ্যাদি আগামী ০২/০৮/২০২২ তারিখে ইমেইলে ([abuhanifemc@gmail.com](mailto:abuhanifemc@gmail.com)) প্রেরণ করবেন।

  
(প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য্য)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

- ১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ৩। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ৫। সংরক্ষণ নথি।

